

এমপিওভুক্ত শিক্ষকদের বেতন ব্যাংকে গেছে

■ সমকাল প্রতিবেদক
সারাদেশের এমপিওভুক্ত বেসরকারি
স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা
প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের
ডিসেম্বর মাসের বেতন গতকাল
সোমবার ব্যাংকে পৌঁছেছে। শ্রদ্ধামিত্তিক
ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকে
গতকাল এ কথা জানানো হয়। এতে
জানানো হয় বেসরকারি শিক্ষা
প্রতিষ্ঠানগুলোর শিক্ষক-কর্মচারীদের
ডিসেম্বর-২০১৫ মাসের বেতন-
ভাতাদির সরকারি অংশের ১২টি চেক
অনুদান বন্টনকারী অগ্রণী ও রূপালী
ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ে এবং
জনতা ও সোনালী ব্যাংক লিমিটেড
স্থানীয় কার্যালয়ে পাঠানো হয়েছে।
আগামী ৭ জানুয়ারি পর্যন্ত সর্বশিষ্ট শাখা
ব্যাংক থেকে শিক্ষক-কর্মচারীরা
তাদের নিজ নিজ আকাউন্টের মাধ্যমে
বেতন-ভাতাদির সরকারি অংশের
টাকা তুলতে পারবেন।